

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৮৮

১/ বিবিধ

আরবী

### الخلافة بالمدينة والملك بالشام ضعيف

رواه البخاري في " التاريخ " (2/2/16) والحاكم (3/72) والبيهقي في الدلائل " (6/447) - طبع بيروت) عن هشيم عن العوام بن حوشب عن سليمان بن أبي سليمان عن أبيه عن أبي هريرة مرفوعا. وقال الحاكم " صحيح وتعقبه الذهبي بقوله قلت: سليمان وأبو هـ مجهولان وقال في الميزان سليمان لا يكاد يعرف وفي " المنتخب " لابن قدامة (10/206/1) " قال مهنا: وسألت يحيى (يعني ابن معين) عن سليمان بن أبي سليمان يحدث عنه العوام بن حوشب عن أبي هريرة (فذكر الحديث) فقال: لا نعرف هذا يعني سليمان بن أبي سليمان. وقال لي أحمد: أصحاب أبي هريرة المعروفون ليس هذا عندهم وفي " الجامع الكبير " (1/340/1) " رواه البخاري في " تاريخه " والحاكم وتعقب، وابن عساكر عن أبي هريرة ونعيم بن حماد في " الفتن " عنه موقوفا

১১৮৮। খেলাফাত হচ্ছে মদীনায় আর বাদশাহী হচ্ছে শাম দেশে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম বুখারী “আত-তারীখ” গ্রন্থে (২/২/১৬), হাকিম (৩/৭২) ও বাইহাকী “আদ-দালাইল” গ্রন্থে (৬/৪৪৭) হুশাইম হতে, তিনি আল-আওয়াম ইবনু হাওশাব হতে, তিনি সুলাইমান ইবনু আবী সুলাইমান হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ হাদীসটি সহীহ। হাফিয যাহাবী তার সমালোচনা করে বলেছেন, আমি বলছিঃ সুলাইমান ও তার পিতা উভয়েই মাজহুল (অপরিচিত)।

তিনি “আল-মীযান” গ্রন্থে বলেনঃ সুলাইমানকে চেনা যায় না। ইবনু কুদামার “আল-মুস্তাখাব” গ্রন্থে (১০/২০৬/১) এসেছেঃ মাহনা বলেনঃ

আমি ইয়াহইয়া ইবনু মাঈনকে সুলাইমান ইবনু আবী সুলাইমান সম্পর্কে জিজ্ঞেস করেছিলাম, যার থেকে আল-আওয়াম ইবনু হাওশাব আবু হুরাইরাহ (রাঃ) এর উদ্ধৃতিতে হাদীস বর্ণনা করেছেন (তিনি এ হাদীসটিও উল্লেখ করেন)। তিনি উত্তরে বলেনঃ আমি এ সুলাইমান ইবনু আবী সুলাইমানকে চিনি না। আমাকে ইমাম আহমাদ বলেছেনঃ আবু হুরাইরাহ (রাঃ)-এর সাথীগণ পরিচিত, তাদের মধ্যে এ সুলাইমান নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72067>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন